


# ভূমির উপযোগিতা ভিত্তিক ফসল অঞ্চল



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

# ভূমির উপযোগিতা ভিত্তিক ফসল অঞ্চল

মোঃ খালেকুজ্জামান আকন্দ চৌধুরী, পিএইচডি

মোঃ আবিদ হোসেন চৌধুরী, এমএসসি

শেখ গুলাম হুসেন, পিএইচডি



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫।

প্রকাশনায় লেখকের উদ্ধৃতি (Citation): এম কে এ চৌধুরী, এম এ এইচ চৌধুরী, শেখ গুলাম হুসেন।  
২০১৩। ভূমির উপযোগিতা ভিত্তিক ফসল অঞ্চল। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-  
১২১৫।

প্রকাশনায়:

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল  
ফার্মগেট, ঢাকা-১২১৫

প্রকাশকাল: ডিসেম্বর, ২০১৩

বিএআরসি কর্তৃক অধিকার সংরক্ষিত

ISBN: ৯৭৮-৯৮৪-৫০০-০১৯-২

অর্থায়নে: পিআইইউ-বিএআরসি, এনএটিপি

মুদ্রণে: হীরা এ্যাড, ১৫১ আরামবাগ, ঢাকা-১০০০ যোগাযোগ : ০১৯১৬৫৮২৭৫২।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

মন্ত্রী  
কৃষি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## বাণী

কৃষি বাংলাদেশের জীবন জীবিকার প্রধান উৎস এবং জাতীয় প্রবৃদ্ধি ও উন্নয়নের চালিকাশক্তি। কৃষির দ্রুত টেকসই প্রবৃদ্ধি ও উন্নয়নের মাধ্যমে দেশের মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা এবং দারিদ্র দূরীকরণ রাষ্ট্রের অন্যতম দায়িত্ব। উৎপাদন ও উৎপাদনশীলতার প্রয়োজনীয় সম্পদ বিশেষ করে ভূমি, পানি ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অতি দ্রুত হ্রাস ও ক্ষয়প্রাপ্ত হচ্ছে। আগামী দিনগুলোতে কৃষিতে বিভিন্নমুখী খাদ্য যথা: শস্য, শাকসবজি, ফলমূল, মাছ, মাংস ও দুগ্ধ উৎপাদনে অধিকতর নজর দিতে হবে। এ উদ্যোগ ফলপ্রসূ করতে হলে জমি, পানি ও কৃষি শ্রমিক ব্যবহারের সঠিক কর্মসূচী গ্রহণের মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করতে হবে।

বাংলাদেশের আবহাওয়া ও মাটি নানাবিধ ফসল উৎপাদনের উপযোগী। প্রাকৃতিক দুর্যোগ ও নানাবিধ প্রতিকূলতায় আশানুরূপ ফল অর্জন সম্ভব হচ্ছে না। তৎসত্ত্বেও গত কয়েক দশকে দানাদার খাদ্য উৎপাদনে বিরাট সাফল্য অর্জন সম্ভব হয়েছে। এ সাফল্যকে আরও বেগবান এবং টেকসই করতে হলে বিজ্ঞান ভিত্তিক বিভিন্নমুখী কর্মকাণ্ড বাস্তবায়ন করা প্রয়োজন। আমি যেনে অত্যন্ত খুশী হয়েছি যে, কৃষি জমির সঠিক ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মৃত্তিকা ও আবহাওয়া ভিত্তিক “ভূমির উপযোগিতা ভিত্তিক ফসল অঞ্চল” বা ক্রপ জোনিং পুস্তিকা প্রকাশ করতে যাচ্ছে। জমি ও পানির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে কম খরচে অধিক উৎপাদনের বিষয়টি লক্ষ্য রেখে মাঠ পর্যায়ে সকলের ব্যবহারের উপযোগী এ বইটি প্রকাশ করা হচ্ছে। জমির উপযোগিতা ভিত্তিক ফসল উৎপাদন ম্যাপের মত একটি জটিল কর্মসূচী বাস্তবায়নের জন্য আমি বিএআরসি-কে ধন্যবাদ জানাই। এ ক্রপ জোনিং বই প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি উক্ত ক্রপ জোনিং ম্যাপ অনুযায়ী ফসল উৎপাদন ব্যবস্থা করা সম্ভব হলে কৃষকরা কম খরচে অধিক ফসল উৎপাদন করে লাভবান হবেন। উক্ত বইটি মাঠ পর্যায়ে ফসল উৎপাদন কর্মকাণ্ড পরিকল্পনায় তথা সার্বিক কৃষি পরিকল্পনা গ্রহণে বিশেষ সহায়ক হবে।

বেগম মতিয়া চৌধুরী

বেগম মতিয়া চৌধুরী, এম পি  
কৃষি মন্ত্রী  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মুখবন্ধ

বাংলাদেশের বৃহত্তর জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা, কর্মসংস্থান এবং উন্নত জীবনমানের ক্ষেত্রে কৃষির অবদান ও গুরুত্ব অপরিসীম। কিন্তু অকৃষি কাজে কৃষি জমি ব্যবহারের ফলে নীট আবাদি জমির পরিমাণ ক্রমশ উদ্বেগজনক হারে হ্রাস পাচ্ছে। অপরদিকে খাদ্য চাহিদা বৃদ্ধি পাওয়ায় ফসলের নিবিড়তা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাচ্ছে। দেশে শস্য উৎপাদন বিশেষ করে ধান, গম, ভুট্টা, আলু, শাকসজি বর্তমানে ব্যপকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে প্রাকৃতিক সম্পদ বিশেষ করে ভূমি এবং পানি সম্পদের উপর যথেষ্ট চাপ সৃষ্টি হচ্ছে। এদেশের সকল অঞ্চলে প্রায় একই রকমের শস্যের আবাদ হয়ে থাকে। জমির উর্বরতা, প্রাকৃতিক সম্পদের বিজ্ঞান ভিত্তিক বিশ্লেষণ ছাড়া ফসল উৎপাদনের ফলে একদিকে যেমন কাজিত ফলন পাওয়া যাচ্ছে না অন্যদিকে উপকরণ খরচও বৃদ্ধি পাচ্ছে। ভূমির উৎপাদনশীলতার ক্রমাগত কৃষি উৎপাদন ব্যবস্থাপনায় ভাবনার বিষয়।

কৃষি মন্ত্রণালয় ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি, মূল্য ব্যবস্থাপনা জোরদারকরণ এবং উপকরণ ও সেবার গুণগত মান বৃদ্ধির মাধ্যমে কৃষি খাতের আধুনিকীকরণ পরিকল্পনা বাস্তবায়ন করছে। কৃষি উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে সরকার কৃষি উপকরণ যেমন সার, সেচ ইত্যাদিতে সহায়তা প্রদান করছে।

বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরীর নির্দেশনায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ভূমির উপযোগিতা ভিত্তিক ফসল অঞ্চল দলিলটি প্রস্তুত করেছে। যাতে করে দেশের বিভিন্ন অঞ্চলে ভূমির উপযোগিতা অনুযায়ী নির্দিষ্ট ফসল চাষের মাধ্যমে জমি ব্যবহারের ক্ষেত্রে ভূমি ও পানি সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করা যায়।

কারিগরী জ্ঞান ও মেধা ব্যবহার করে ভূমির উপযোগিতা ভিত্তিক ফসল অঞ্চল বিভাজন কর্মকাণ্ড সফলভাবে সমাপ্ত করার জন্য আমি এ গুরুত্বপূর্ণ প্রকাশনাটির প্রণেতা কাউন্সিলের ড. মোঃ খালেকুজ্জমান আকন্দ চৌধুরী, ড. শেখ গুলাম হুসেইন এবং মোঃ আবিদ হোসেন চৌধুরী কে ধন্যবাদ জানাই। জিআইএস টুলস ব্যবহারের মাধ্যমে নির্দিষ্ট ফসল উৎপাদনের জন্য ভূমির উপযোগিতা ভিত্তিক ফসল অঞ্চল ম্যাপ এবং উপজেলা ওয়ারী ভূমির উপযোগিতা শ্রেণী বিন্যাস অনুযায়ী জমির পরিমাণ প্রস্তুত করা হয়েছে। অঞ্চল ভিত্তিক উপযোগী ফসল চাষজনিত তথ্য, উদ্ধৃত কৌশল এবং সুপারিশ আমাদের প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার ক্ষেত্রে পরিকল্পনাবিদ, গবেষক, উন্নয়নবিদ এবং সম্প্রসারণ কর্মীগণের জন্য সহায়ক হবে।

পরিশেষে, আমি বিশেষজ্ঞ, নার্স বিজ্ঞানী এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মীদের কৃতজ্ঞতা জানাই যারা জ্ঞান ও বুদ্ধিমত্তা বিনিময় ও প্রয়োগের মাধ্যমে বিভিন্ন ফসল উৎপাদন ভিত্তিক ভূমি, মৃত্তিকা, জলবায়ুর বৈশিষ্ট্য (মৃত্তিকা পানি অপসারণ, কার্যকরী গভীরতা, আহরণযোগ্য আর্দ্রতা, পুষ্টি উপাদান মান, প্রতিক্রিয়া, লবনাক্ততা, দৃঢ়তা, পানি নিষ্কাশন, প্রাবনের গভীরতা, বন্যাজনিত ঝুঁকি, বন্ধুরতা, এবং খরিফ উৎপাদন কাল, প্রাক খরিফ ক্রান্তিকাল, রবি বা শীতল তাপমাত্রা অঞ্চল ও চরম গ্রীষ্মকালীন তাপমাত্রা অঞ্চল) নির্ণয়ে সর্বাত্মক সহযোগিতা করেছেন এবং এ গুরুত্বপূর্ণ দলিল প্রণয়নে অংশগ্রহণ করেছেন।

আমি আশা করি প্রকাশনাটি ভবিষ্যত ফসল উৎপাদন পরিকল্পনা কার্যক্রম পরিচালনায় একটি মূল্যবান দলিল হিসাবে ভূমিকা পালন করবে। আমি আরও আশাবাদি যে, ফসল অঞ্চল ধারণাটি বাস্তবায়ন করা হলে দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা ও জীবন যাত্রার মান উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলবে।

ড. ওয়ায়েস কবীর  
নির্বাহী চেয়ারম্যান

## সূচিপত্র

	পৃষ্ঠা
১.০ সূচনা .....	১
১.১ ভৌগলিক অবস্থান .....	১
১.২ ভূপ্রকৃতি .....	১
১.৩ জলবায়ু .....	২
১.৪ ফসল নির্বাচন .....	২
২.০ ফসল উপযোগিতা নিরূপণ .....	৪
২.১ মৃত্তিকা (agro-edaphic) উপযোগিতা নিরূপণ .....	৪
২.২ জলবায়ু উপযোগিতা নিরূপণ .....	৫
২.৩ একিভূত উপযোগিতা নিরূপণ .....	৫
২.৪ ফসল অঞ্চল বিভাজন .....	৫
৩.০ ফসল উপযোগিতা ম্যাপ .....	১১
৩.১ ধান .....	১১
৩.২ গম .....	১২
৩.৩ ভুট্টা .....	১২
৩.৪ আলু .....	১৮
৩.৫ ডাল ফসল .....	১৮
৩.৫.১ মসুর .....	১৮
৩.৫.২ মাসকলাই .....	১৮
৩.৫.৩ মুগ .....	১৯
৩.৫.৪ ছোলা .....	১৯
৩.৬ তৈলবীজ .....	২৪
৩.৬.১ সরিষা .....	২৪
৩.৬.২ চীনাবাদাম .....	২৪
৩.৭ মসলা ফসল .....	২৫
৩.৭.১ পেঁয়াজ .....	২৫
৩.৭.২ রসুন .....	২৫
৩.৭.৩ মরিচ .....	২৬
৩.৮ আখ .....	৩১
৩.৯ পাট .....	৩১
৪.০ ফসল অঞ্চল (Crop Zoning) .....	৩৪
৪.১ ফসল অঞ্চল নির্ধারণে মাপকাঠি (Criteria for crop zoning) .....	৩৪
৪.২ ফসল উৎপাদন জোন ম্যাপ .....	৩৫
৫.০ সারসংক্ষেপ .....	৫১
৬.০ সুপারিশ/পরামর্শ .....	৫২

## সারণী

পৃষ্ঠা

সারণী- ১ : জমি ব্যবহারের তথ্য (২০০৯-২০১০) .....	২
সারণী- ২ : প্রধান ফসলের আবাদি এলাকা এবং উৎপাদন (২০০৯-১০) .....	৩
সারণী- ৩ : ভূমি ও মৃত্তিকার শ্রেণী বিভাগের বিবরণ ও মাত্রা .....	৬
সারণী- ৪ : ফসলের উৎপাদন ভিত্তিক চাহিদা সংশ্লিষ্ট ভূমি ও মৃত্তিকা বৈশিষ্ট্যগুলোর সীমাবদ্ধাবস্থা মাত্রা.....	৮
সারণী- ৫ : সীমাবদ্ধাবস্থার অনুপাতে গঠনকৃত উপযোগিতা শ্রেণী .....	৯
সারণী- ৬ : মৃত্তিকা এবং জলবায়ু উপযোগিতা মাত্রা একিভূতকরণ পদ্ধতি .....	১০

## চিত্র

চিত্র-১ : আউশ ধানের সম্ভাব্য উপযোগী এলাকা .....	১৩
চিত্র-২ : আমন ধানের সম্ভাব্য উপযোগী এলাকা .....	১৪
চিত্র-৩ : বোরো ধানের সম্ভাব্য উপযোগী এলাকা .....	১৫
চিত্র-৪ : গম ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	১৬
চিত্র-৫ : ভুট্টা ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	১৭
চিত্র-৬ : আলু ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	২০
চিত্র-৭ : মসুর ডাল ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	২১
চিত্র-৮ : মুগ/মাসকলাই ডাল ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	২২
চিত্র-৯ : ছোলা ডাল ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	২৩
চিত্র-১০ : সরিষা তেল ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	২৭
চিত্র-১১ : চীনাবাদাম তেল ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	২৮
চিত্র-১২ : পেঁয়াজ/রসুন মসলা ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	২৯
চিত্র-১৩ : মরিচ মসলা ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	৩০
চিত্র-১৪ : আখ ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	৩২
চিত্র-১৫ : পাট ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা .....	৩৩
চিত্র-১৬ : আউশ ধান উৎপাদন জোন .....	৩৬
চিত্র-১৭ : আমন ধান উৎপাদন জোন .....	৩৭
চিত্র-১৮ : বোরো ধান উৎপাদন জোন .....	৩৮
চিত্র-১৯ : গম উৎপাদন জোন .....	৩৯
চিত্র-২০ : ভুট্টা উৎপাদন জোন .....	৪০
চিত্র-২১ : আলু উৎপাদন জোন .....	৪১
চিত্র-২২ : মসুর উৎপাদন জোন .....	৪২
চিত্র-২৩ : মুগ/মাসকলাই উৎপাদন জোন .....	৪৩
চিত্র-২৪ : ছোলা উৎপাদন জোন .....	৪৪
চিত্র-২৫ : সরিষা উৎপাদন জোন .....	৪৫
চিত্র-২৬ : চীনাবাদাম উৎপাদন জোন .....	৪৬
চিত্র-২৭ : পেঁয়াজ/রসুন উৎপাদন জোন .....	৪৭

	পৃষ্ঠা
চিত্র-২৮ : মরিচ উৎপাদন জোন .....	৪৮
চিত্র-২৯ : আখ উৎপাদন জোন .....	৪৯
চিত্র-৩০ : পাট উৎপাদন জোন .....	৫০

## পরিশিষ্ট

সারণী- ৭ : আউশ ধান উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	৫৪
সারণী- ৮ : আমন ধান উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	৬৬
সারণী- ৯ : বোরো ধান উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	৭৮
সারণী- ১০ : গম উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	৯০
সারণী- ১১ : ভুট্টা উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১০২
সারণী- ১২ : আলু উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১১৪
সারণী- ১৩ : মসুর ডাল উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১২৬
সারণী- ১৪ : মুগ/মাষকলাই ডাল উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১৩৮
সারণী- ১৫ : ছোলা ডাল উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১৫০
সারণী- ১৬ : সরিষা উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১৬২
সারণী- ১৭ : চীনাবাদাম উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১৭৪
সারণী- ১৮ : পেঁয়াজ/রসুন উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১৮৬
সারণী- ১৯ : মরিচ উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	১৯৮
সারণী- ২০ : আখ উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	২১০
সারণী- ২১ : পাট উৎপাদন উপযোগী এলাকা (হেক্টর) .....	২২২



## ১.০ সূচনা

বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এদেশের আর্থ-সামাজিক উন্নয়ন কৃষির সাথে ওতপ্রতোভাবে জড়িত। কৃষিকে কেন্দ্র করে এদেশের সমাজ, সংস্কৃতি ও অর্থনীতির ভিত্তি প্রতিষ্ঠিত হয়েছে, যা চলমান রয়েছে। দেশের ৫৬% জনসংখ্যা কৃষির সংগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত এবং ৬৫% কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে। দেশের জিডিপিতে কৃষির অবদান প্রায় ২১% এবং বাৎসরিক প্রবৃদ্ধি ৫% যা অর্থনৈতিক উন্নয়নের মূল চাবিকাঠি হিসেবে গণ্য হচ্ছে। দেশের জনসংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ২০১৫ সালে দেশের জনসংখ্যা প্রায় ১৬০ মিলিয়নে উন্নীত হবে। জনসংখ্যার ঘনত্ব ৯৫০ জন প্রতি বর্গ কিঃ মিঃ থেকে বৃদ্ধি পেয়ে ১১৫০ জন প্রতি বর্গ কিঃ মিঃ দাড়াবে। বর্তমানে দেশে প্রায় ১৪ মিঃ হেক্টর চাষাবাদের জমি আছে। জনসংখ্যা বৃদ্ধির কারণে বসতি স্থাপন, কলকারখানা প্রতিষ্ঠা, রাস্তাঘাট নির্মাণ ও নদী ভাঙ্গনের কারণে প্রতি বৎসর প্রায় ১% হারে কৃষি জমি অকৃষি কাজে ব্যবহৃত হচ্ছে। ফলে কৃষি উৎপাদন সাধারণ ভাবে ব্যহত হচ্ছে। তাই ক্রমহ্রাসমান কৃষি জমি ও বর্ধিষ্ণু জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা দেশের প্রধান চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবেলায় অল্প জমিতে অধিক ফসলের চাষ ও ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি ছাড়া অন্য কোন উপায় নেই। এ লক্ষ্যে নতুন ফসলের জাত ও উৎপাদন কলা কৌশল উদ্ভাবন করে ফলন বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। এ ছাড়া দেশের আবহাওয়া ও মাটির বৈশিষ্ট্য অনুযায়ী ফসল চাষের এলাকা চিহ্নিত করার মাধ্যমে ফসলের সর্বোচ্চ উৎপাদনশীলতা অর্জন করার উদ্যোগ নিতে হবে। এর ফলে একদিকে যেমন উৎপাদন বৃদ্ধি পাবে, অন্য দিকে উপকরণের সঠিক ব্যবহার নিশ্চিত হবে। মাটির উপযোগী ফসল চাষের ফলে মাটির স্বাস্থ্য সুরক্ষা করা সহজ হবে। তাই দেশের ক্রমহ্রাসমান কৃষি জমি ও জলবায়ু পরিবর্তনের কথা বিবেচনা করে কৃষি ফসলের সর্বোচ্চ উৎপাদনশীলতা অর্জনের লক্ষ্যে ফসল অঞ্চল বিভাজন (Crop Zoning) করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

## ১.১ ভৌগলিক অবস্থান

এশিয়া মহাদেশের দক্ষিণাংশে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান। বাংলাদেশ ২০°৩৪' উত্তর অক্ষরেখা থেকে ২৬°৩৮' উত্তর অক্ষরেখার মধ্যে এবং ৮৮°০১' পূর্ব দ্রাঘিমা রেখা থেকে ৯২° ৪১' পূর্ব দ্রাঘিমা রেখার মধ্যে অবস্থিত। বাংলাদেশের মাঝামাঝি স্থান দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে। বাংলাদেশ পৃথিবীর অন্যতম বৃহৎ বদ্বীপ। গঙ্গা, মেঘনা ও ব্রহ্মপুত্র বিধৌত এলাকা দ্বারা গঠিত সমভূমি। দেশটি অসংখ্য ছোট-বড় নদীর দ্বারা বিস্তৃত যার দক্ষিণে বঙ্গপোসাগর অবস্থিত। বাংলাদেশের উপর দিয়ে পদ্মা, মেঘনা, যমুনা, ব্রহ্মপুত্র, কর্ণফুলী সহ অসংখ্য নদ-নদী প্রবাহিত হচ্ছে। দেশের পাহাড়ী অঞ্চল ব্যতীত প্রায় সমগ্র এলাকাই এ সকল নদ-নদী বাহিত পলল দ্বারা গঠিত সমভূমি।

বাংলাদেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার। নদী অঞ্চলের আয়তন ৯,৪০৫ বর্গ কিলোমিটার এবং ২১,৬৫৭ বর্গ কিলোমিটার বনাঞ্চল রয়েছে। দেশের প্রায় ৬৭% ভাগ এলাকা চাষাবাদের আওতায় যা ঘরবাড়ি, রাস্তাঘাট ও কলকারখানা স্থাপনের কারণে প্রতিদিন কমে যাচ্ছে। দেশের প্রায় ১৫% এলাকায় বনাঞ্চল রয়েছে। সারণী-১ এ ভূমি ব্যবহার পরিসংখ্যান উপস্থাপন করা হয়েছে।

## ১.২ ভূপ্রকৃতি

বাংলাদেশের প্রায় সমগ্র অঞ্চল এক বিশাল সমভূমি। চট্টগ্রাম ও সিলেটের সামান্য অংশ পাহাড়ী উচ্চভূমি রয়েছে। প্রায় ৮০% অঞ্চলই পলি দ্বারা গঠিত। উত্তরাঞ্চলের এলাকা সমূহ পূর্ব থেকে ১০৫ মিটার

তবে অধিকাংশ এলাকা সমুদ্র পৃষ্ঠ থেকে ১০ মিটার উচ্চতায় অবস্থিত, যা দক্ষিণে ক্রমান্বয়ে কমতে থাকে। প্রায় ১০,০০০ বর্গ কিলোমিটার এলাকা পানি দ্বারা আবৃত এবং অধিকাংশ এলাকা মৌসুমী বৃষ্টিপাতের সময় প্লাবিত হয়।

সারণী-১: জমি ব্যবহারের তথ্য (২০০৯-২০১০)

জমির বিবরণ	জমির পরিমাণ (হেক্টর)
১। মোট আবাদযোগ্য জমি	৯০,৯৮,৪৬০
২। মোট ফসলি জমি	১,৪৪,৫৬,৩৫৮
৩। মোট সেচকৃত জমি	৬৫,৪৮,৮৫৬
৪। এক ফসলি জমি	২৬,০৬,৮৩৮
৫। দু'ফসলি জমি	৩৯,৭৯,৬৪৬
৬। তিন ফসলি জমি	১২,৯৬,৭৪৩
৭। আবাদযোগ্য পতিত জমি	৫,৩০,০২৬

সূত্র: বিবিএস, ২০১১

### ১.৩ জলবায়ু

বাংলাদেশের জলবায়ু মোটামুটি সমভাবাপন্ন। এ দেশের জলবায়ুতে মৌসুমী বায়ুর বিরাট প্রভাব রয়েছে। মৌসুমী জলবায়ুর কারণে বিভিন্ন ঋতুর আবির্ভাব ঘটে এবং এ কারণে বৃষ্টিপাত, আর্দ্রতা, তাপমাত্রার পার্থক্য পরিলক্ষিত হয়। উষ্ণ ও আর্দ্র গ্রীষ্মকাল এবং শুষ্ক শীতকাল বাংলাদেশের জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য। সাধারণত: তিনটি ঋতু পরিলক্ষিত হয়। মার্চ-জুন হতে গরম ও গুণমোটপূর্ণ গ্রীষ্মকাল, জুন থেকে নভেম্বর পর্যন্ত গরম ও আর্দ্র বর্ষাকাল, ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত শুষ্ক শীতকাল। মৌসুমী বায়ুর প্রভাবে বর্ষাকালে প্রচুর বৃষ্টিপাত হয়। ফলে উচ্চ তাপমাত্রা ও আর্দ্রতা বিরাজ করে।

গ্রীষ্মকালের তাপমাত্রা ৩০-৪১° সেঃ বিরাজ করে। কখনও তাপমাত্রা ৪৫° সেঃ পর্যন্ত হয়ে থাকে। শীতকালে গড় তাপমাত্রা ২৮-১০° সেঃ পর্যন্ত হয়ে থাকে, তবে রাতের তাপমাত্রা ১০° সেঃ বা এর নীচে অবস্থান করে। তবে শীতকালে গড় তাপমাত্রা সাধারণত: ১৭° সেঃ থাকে।

বাংলাদেশে বর্ষাকালে সবচেয়ে বেশী বৃষ্টিপাত হয়। এ সময়ে অতি বৃষ্টির ফলে বিভিন্ন স্থানে বন্যার সৃষ্টি হয়। বার্ষিক গড় বৃষ্টিপাত ১৬০ মিমি তবে দেশের অধিকাংশ এলাকায় ২৩০ মিমি পর্যন্ত বৃষ্টিপাত হয়ে থাকে। মৌসুমী বায়ুর প্রভাবে দেশের নেত্রকোনা ও সিলেট জেলায় সবচেয়ে বেশী বৃষ্টিপাত হয়। দেশের ৮০% বৃষ্টিপাত মৌসুমী ঋতুতে হয়। দৈনিক গড় আর্দ্রতা মার্চ মাসে ৫৫% এবং জুলাই মাসে ৮১% থাকে।

### ১.৪ ফসল নির্বাচন

বাংলাদেশের আবহাওয়া ও মাটি নানাবিধ ফসল চাষের জন্য উপযোগী। সারা বছরই মাঠে কোন না কোন ফসলের চাষ হয়ে থাকে। ফসল চাষের ওপর ভিত্তি করে কৃষিকে ৩টি মৌসুমে ভাগ করা হয়েছে যথা- রবি (অক্টোবর ১৫-মার্চ ১৫), খরিপ-১ (মার্চ ১৫-জুন ১৫) ও খরিপ-২ (জুন ১৫-অক্টোবর ১৫)। ভূমি, মৃত্তিকা ও আবহাওয়ার তারতম্যের কারণে তিন মৌসুমে বিভিন্ন ধরনের ফসল চাষ হয়ে থাকে। তবে আমাদের দেশে রবি মৌসুমে সর্বোচ্চ ফসলের চাষ হয়। ধান, গম, ভুট্টা, ডাল, সরিষা, তিল, বাদাম, সয়াবিন, আলু, পাট,

আখ জাতীয় প্রধান প্রধান ফসলসহ সবজি ও নানাবিধ ফলের চাষ হয়ে থাকে। একই ফসল এলাকাভেদে মাটি ও আবহাওয়ার ভিন্নতার কারণে ফলনের তা তম্য হয়ে থাকে। উদাহরণ স্বরূপ বলা যায় বোরো ধান চাষে পানির প্রাপ্যতার কারণে মাঝারী ও নীচু জমিতে চাষ করে কম খরচে বেশী ফলন পাওয়া যায়। একই ভাবে উঁচু বেলে জাতীয় মাটিতে বোরো ধান চাষ করা হলে ফলন যেমন কম হয়, অন্যদিকে সেচের জন্য অত্যধিক খরচ বহন করতে হয়, ফলে এ জাতীয় জমিতে বোরো ধান চাষ লাভজনক হয় না। তাই মৃত্তিকার বৈশিষ্ট্য, ফসল উৎপাদন খরচ ও অন্যান্য আর্থ সামাজিক অবস্থা বিবেচনা করে বাংলাদেশের কোন্ এলাকা কি ধরনের ফসলের চাষের জন্য উপযোগী - তা নিরূপণ করার উদ্দেশ্যে ফসল অঞ্চল বিভাজন (Crop Zoning) করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে ফসলের গুরুত্ব বিবেচনা করে ফসল নির্বাচন করা হয়েছে। দেশের প্রধান প্রধান ফসলের উৎপাদন এবং আবাদি এলাকা সারণী-২ তে উপস্থাপন করা হয়েছে।

সারণী-২: প্রধান ফসলের আবাদি এলাকা এবং উৎপাদন (২০০৯-১০)

Crop	Area (Mha)	Production (Mt)*
<b>Rice (<i>Oryza sativa</i>)</b>		
<b>Total Aus</b>	<b>0.984</b>	<b>1.709</b>
Aus (Local)	0.337	0.393
Aus (HYV)	0.647	1.316
<b>Total Aman</b>	<b>5.663</b>	<b>12.207</b>
Local Transplant (L.T.) Aman	1.414	2.237
Aman HYV	3.773	9.404
B. Aman	0.476	0.567
<b>Total Boro</b>	<b>4.707</b>	<b>18.059</b>
Local Boro	0.107	0.215
HYV Boro	3.917	14.622
Boro Hybrid	0.686	3.222
<b>Total Rice</b>	<b>11.354</b>	<b>31.975</b>
Wheat ( <i>Triticum aestivum</i> )	0.376	0.901
Maize ( <i>Zea mays</i> L.)	0.152	0.887
Potato ( <i>Solanum tuberosum</i> )	0.435	7.930
Gram/Chickpea ( <i>Cicer arietinum</i> )	0.007	0.006
Lentil ( <i>Lens esculanta</i> ) ( <i>Lens culinaris</i> )	0.077	0.071
Mungbean ( <i>Vigna radiata</i> )	0.023	0.020
Blackgram ( <i>Vigna phaseolus</i> )	0.032	0.028
Groundnut ( <i>Arachis hypogaea</i> )	0.034	0.053
Rape & Mustard ( <i>Brassica campestris</i> / <i>Brassica juncea</i> )	0.242	0.222
Chillies ( <i>Capsicum spp.</i> ) ( <i>Capsicum annuum</i> )	0.087	0.109
Onion ( <i>Allium cepa</i> )	0.118	0.872
Garlic ( <i>Allium sativum</i> L.)	0.037	0.164
Sugarcane ( <i>Saccharum officinarum</i> )	0.118	4.491
Jute ( <i>Corchorus oliterius</i> / <i>Chorchorus capsularis</i> )*	0.416	0.916

Source: BBS. 2010. Summary of Crop Statistics, \*(1 bale = 180 kg)

## ২.০ ফসল উপযোগিতা নিরূপণ

কোন এলাকার ফসল উৎপাদন সম্ভাবনা সাধারণত: মৃত্তিকা (agro-edaphic) এবং কৃষি-জলবায়ুর (agro-climate) বৈশিষ্ট্যের উপর নির্ভরশীল। তদনুযায়ী ফসল উপযোগিতা নিরূপণের জন্য মূলতঃ ভূমি ও মৃত্তিকা এবং কৃষি-জলবায়ু সংক্রান্ত উপাত্ত বিবেচনা করা হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক রক্ষণাবেক্ষণকৃত কৃষি পরিবেশ অঞ্চল ভিত্তিক কম্পিউটারাইজড ভূমি সম্পদ ব্যবস্থাপনা তথ্য ভাণ্ডার -এ রক্ষিত উল্লেখকৃত উপাত্ত ফসল উপযোগিতা নিরূপণের জন্য ব্যবহার করা হয়েছে। ফসল উৎপাদন চাহিদার সাথে সম্পৃক্ত ভূমি, মৃত্তিকা এবং কৃষি-জলবায়ুর বৈশিষ্ট্যের গুণাগুণ যাচাই করে এলাকাগত ভাবে মোট ১৭ (সতের) টি ফসলের উপযোগিতা নির্ণয় করা হয়েছে। বাংলাদেশের এলাকাভিত্তিক সম্ভাব্য ফসল উপযোগিতা নিরূপণে ব্যবহৃত ফসল উৎপাদন নিয়ন্ত্রণকারী ভূমি ও মৃত্তিকার ১১ (এগার) টি বৈশিষ্ট্য বিবেচনা করা হয়েছে, যা সারণী-৩ এ প্রদান করা হয়েছে।

## ২.১ মৃত্তিকা (agro-edaphic) উপযোগিতা নিরূপণ

ফসল উৎপাদন ভিত্তিক চাহিদার সাথে সম্পৃক্ত ভূমি ও মৃত্তিকা বৈশিষ্ট্যের গুণাগুণ যাচাই করে ফসলের edaphic উপযোগিতা নিরূপণ করা হয়েছে। সারণী-৩ এ উল্লেখকৃত এসব বৈশিষ্ট্যগুলির বিপরীতে ফসল উৎপাদন ভিত্তিক উপযোগিতা নির্ণয়ে নিম্নবর্ণিত পাঁচটি সীমাবদ্ধাবস্থা মাত্রা (০ হতে ৪) বিবেচনা করা হয়েছে।

- ০ - সীমাবদ্ধতা নাই, অধিক অনুকূল অবস্থা
- ১ - যৎসামান্য সীমাবদ্ধতা
- ২ - মাঝারি সীমাবদ্ধতা
- ৩ - কঠোর সীমাবদ্ধতা
- ৪ - খুবই কঠোর সীমাবদ্ধতা

সারণী-৪ এ বিভিন্ন ফসলের উৎপাদন ভিত্তিক চাহিদার সাথে সম্পৃক্ত ভূমি ও মৃত্তিকার বৈশিষ্ট্যগুলোকে সীমাবদ্ধাবস্থা মাত্রা অনুযায়ী নির্ধারণ করা হয়েছে। বিশেষজ্ঞ পর্যায়ে আলোচনা ও মতামতের ভিত্তিতে এটি স্থির করা হয়েছে। ফসল ভিত্তিক ভূমি ও মৃত্তিকা বৈশিষ্ট্যগুলির নির্ধারিত সীমাবদ্ধাবস্থা বিশ্লেষণ পূর্বক মৃত্তিকা (edaphic) উপযোগিতা নির্ণয় করা হয়েছে। এক্ষেত্রে সারণী-৫ এ উদ্ধৃত সীমাবদ্ধাবস্থার অনুপাতে গঠনকৃত উপযোগিতা শ্রেণী ব্যবহৃত হয়েছে। নিম্নে উপযোগিতা শ্রেণীবিন্যাস বর্ণনা করা হল।

- ১ = অধিক উপযোগী (সর্বোচ্চ ফলনমাত্রার ৮০ ভাগ অথবা এর অধিক অর্জন)
- ২ = উপযোগী (সর্বোচ্চ ফলনমাত্রার ৬০ হতে ৮০ ভাগ অর্জন)
- ৩ = মাঝারি উপযোগী (সর্বোচ্চ ফলনমাত্রার ৪০ হতে ৬০ ভাগ অর্জন)
- ৪ = কম উপযোগী (সর্বোচ্চ ফলনমাত্রার ২০ হতে ৪০ ভাগ অর্জন)
- ৫ = অনুপযোগী (সর্বোচ্চ ফলনমাত্রার ২০ ভাগের কম অর্জন)

পরবর্তী ধাপে ArcView GIS Software ব্যবহারের মাধ্যমে ফসল ভিত্তিক মৃত্তিকা (edaphic) উপযোগিতা ম্যাপ প্রস্তুত করা হয়েছে।

## ২.২ জলবায়ু উপযোগিতা নিরূপণ

ফসলভিত্তিক জলবায়ু উপযোগিতা নিরূপণ এর ক্ষেত্রে মৃত্তিকা (edaphic) উপযোগিতা নির্ণয়ের জন্য প্রয়োগকৃত একই পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এক্ষেত্রে খরিফ উৎপাদন কাল, প্রাক খরিফ ত্রাস্তিকাল, রবি বা শীতল তাপমাত্রা অঞ্চল এবং চরম গ্রীষ্মকালীন তাপমাত্রা অঞ্চল বিবেচনায় আনা হয়েছে। পরবর্তী ধাপে ArcView GIS Software ব্যবহারের মাধ্যমে ফসল ভিত্তিক জলবায়ু উপযোগিতা ম্যাপ প্রস্তুত করা হয়েছে।

## ২.৩ একিভূত উপযোগিতা নিরূপণ

ফসল উপযোগিতা নির্ণয়ের শেষ ধাপে ভূমি ও মৃত্তিকা এবং জলবায়ু ম্যাপ উপরিস্থাপন (overlay) প্রক্রিয়ার মাধ্যমে একিভূত করে উপযোগিতা শ্রেণী বিন্যাস সম্পন্ন এবং তদনুযায়ী ফসল উৎপাদন সম্ভাবনাময় এলাকা ম্যাপ প্রস্তুত করা হয়েছে। উল্লেখিত দু'টি ম্যাপ একীভূতকরণের জন্য সারণী-৬ এ উদ্ধৃত পদ্ধতি ব্যবহৃত হয়েছে। ফসল উপযোগিতা ম্যাপ অধিক উপযোগী, উপযোগী, মাঝারি উপযোগী, কম উপযোগী এবং অনুপযোগী শ্রেণীবিন্যাস এর মাধ্যমে (চিত্র ১-১৫) উপস্থাপন করা হয়েছে।

## ২.৪ ফসল অঞ্চল বিভাজন

উপজেলা ভিত্তিক আবাদি এলাকার অধীন অধিক উপযোগী, উপযোগী ও মাঝারি উপযোগী শ্রেণীর শতকরা হার বিবেচনায় ফসল অঞ্চল বিভাজন ম্যাপ প্রস্তুত করা হয়েছে (চিত্র ১৬-৩০)। ফসল অঞ্চল বিভাজন ম্যাপ উপযোগী, মাঝারি উপযোগী, কম উপযোগী এবং অনুপযোগী শ্রেণীবিন্যাস অনুযায়ী উপজেলা ওয়ারী প্রস্তুত করা হয়েছে। সারণী ৭ হতে ২১ এ উপজেলা ওয়ারী ফসল উৎপাদন সম্ভাবনাময় এলাকার পরিমাণ এবং অঞ্চল বিভাজন উপযোগিতার শ্রেণীবিন্যাস অনুযায়ী উপস্থাপন করা হয়েছে।

সারণী -৩: ভূমি ও মৃত্তিকার শ্রেণী বিভাগের বিবরণ ও মাত্রা  
(Land factor classes their codes descriptions and ratings)

Codes	Land factor Descriptions		Rating
p1	Soil Permeability মৃত্তিকা পানি অপসারণ	Slow (< 12 cm d-1)	1
p2		Moderate (12-305 cm d-1)	2
p3		Rapid (< 305 cm d-1)	3
d1	Effective Soil Depth কার্যকরী মৃত্তিকা গভীরতা	< 0.25 m	1
d2		0.25 - 0.60 m	2
d3		0.60 - 0.90 m	3
d4		0.90 - 1.22 m	4
d5		> 1.22 m	5
d6		Very firm/hard ploughpan	6
m1	Available Soil Moisture আহরণযোগ্য মৃত্তিকা আর্দ্রতা	< 100 mm	1
m2		100-200 mm	2
m3		200-300 mm	3
m4		300-400 mm	4
m5		> 400 mm	5
n1	Nutrient Status পুষ্টি উপাদান মান	Low	1
n2		High	2
a1	Soil Reaction (pH) মাটির প্রতিক্রিয়া	pH < 4.5	1
a2		pH 4.5-5.5	2
a3		pH 5.5-7.3	3
a4		pH 7.3-8.4	4
a5		pH > 8.4	5
s1	Soil Salinity মৃত্তিকা লবণাক্ততা	< 2 dS m-1 or < 2 mMhos cm-1	1
s2		2-4 dS m-1 or 2-4 mMhos cm-1	2
s3		4-8 dS m-1 or 4-8 mMhos cm-1	3
s4		8-15 dS m-1 or 8-15 mMhos cm-1	4
s5		> 15 dS m-1 or > 15 mMhos cm-1	5
t1	Soil Consistency মৃত্তিকা দৃঢ়তা	not more than slightly firm, slightly sticky, slightly plastic, hard	1
t2		firm, very firm, sticky, plastic, hard, very hard	2
t3		extremely firm, very sticky, very plastic, extremely hard	3
t4		organic material to at least 25 cm below the surface	4

Codes	Land factor Descriptions		Rating
w1	Drainage পানি নিষ্কাশন	Well drained	1
w2		Moderately well-drained	2
w3		Imperfectly drained	3
w4		Poorly drained, surface drains < 15 Nov	4
w5		Poorly drained, surface drains > 15 Nov	5
w6		Very poorly drained	6
i1	Depth of inundation প্রাবনের গভীরতা	No inundation	1
i2		< 30 cm	2
i3		30-90 cm	3
i4		90-180 cm	4
i5		180-300 cm	5
i6		> 300 cm	6
f1	Flood hazards বন্যাজনিত ঝুঁকি	None	1
f2		Once in 10 years	2
f3		twice in 10 years	3
f4		3-4 times in 10 years	4
f5		5 times or more in 10 years	5
e1	Slope বন্ধুরতা	< 3 percent	1
e2		3-8 percent	2
e3		8-16 percent	3
e4		16-30 percent	4
e5		30-45 percent	5
e6		> 45 percent	6

সারণী-৪: ফসলের উৎপাদন ভিত্তিক চাহিদা সংশ্লিষ্ট ভূমি ও মৃত্তিকা বৈশিষ্ট্যগুলোর সীমাবদ্ধাবস্থা মাত্রা  
(Degree of limitations imposed for different land factors for different crops)

কোড	সীমাবদ্ধাবস্থার মাত্রা (Degree of Limitations)														
	আউশ	আমন	বোরো	গম	ভুট্টা	আলু	মসুর	মুগ/ মাসকলাই	ছোলা	সরিষা	চীনা বাদাম	মরিচ	রসুন/ আদা	আখ	পাট
p1	0	0	0	2	2	2	1	1	1	2	3	1	2	2	0
p2	1	1	1	0	0	0	0	0	0	0	1	0	0	0	0
p3	2	2	4	2	2	1	2	2	3	2	0	1	0	1	1
d1	3	2	2	2	3	2	3	2	4	1	2	2	2	2	0
d2	1	0	1	0	2	0	1	1	3	0	0	1	0	1	0
d3	0	0	0	0	0	0	0	0	2	0	0	0	0	0	0
d4	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	1
d5	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	2
d6	0	0	0	2	2	3	3	3	1	2	4	2	4	2	0
m1	4	2	3	2	2	3	3	2	2	2	2	3	3	2	3
m2	1	0	0	1	1	0	0	0	1	0	1	1	0	0	1
m3	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
m4	0	0	0	2	1	3	4	3	3	1	1	3	3	3	0
m5	0	0	0	4	3	4	4	4	4	4	4	4	4	4	1
n1	1	1	1	2	2	2	1	2	1	2	2	2	2	2	1
n2	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
a1	3	2	2	1	2	1	4	3	4	2	2	2	4	1	2
a2	1	1	0	1	1	0	4	2	4	1	1	0	3	0	1
a3	0	0	0	0	0	0	1	0	1	0	0	0	0	0	0
a4	0	0	0	0	1	0	0	0	0	1	1	0	0	0	0
a5	2	1	2	2	2	1	2	2	2	2	2	3	3	1	3
s1	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
s2	1	1	2	0	2	1	3	1	3	1	1	0	1	1	2
s3	2	2	3	1	4	2	4	2	4	3	2	1	4	2	3
s4	3	2	4	2	4	4	4	4	4	4	3	2	4	3	3
s5	4	3	4	3	4	4	4	4	4	4	4	4	4	4	4
t1	1	1	1	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
t2	0	0	0	2	1	2	1	1	0	1	2	1	2	0	0
t3	0	0	0	3	3	3	4	3	2	3	4	2	4	1	1
t4	3	3	1	4	4	4	4	4	4	4	4	3	4	3	2
w1	4	3	4	0	0	0	1	1	1	0	0	0	0	0	0
w2	2	2	3	0	0	0	1	1	0	0	0	0	0	0	0
w3	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	2	0
w4	0	0	0	0	0	0	0	0	0	1	0	1	0	2	0
w5	0	0	0	3	3	4	4	2	4	3	3	4	4	4	2
w6	1	0	0	4	4	4	4	4	4	4	4	4	4	4	4
i1	2	0	2	1	0	1	0	1	0	2	2	2	2	0	2
i2	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	1
i3	0	0	0	0	1	0	1	0	0	0	0	0	0	2	0
i4	2	2	0	2	3	1	3	3	2	1	1	1	1	4	0
i5	3	4	0	4	4	3	4	4	3	4	4	4	3	4	0
i6	4	4	0	4	4	4	4	4	4	4	4	4	4	4	4
f1	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
f2	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
f3	1	1	0	0	1	0	0	0	0	0	0	0	0	1	0
f4	2	3	1	0	2	0	0	0	0	0	0	0	0	3	2
f5	3	4	2	0	3	0	0	0	0	0	0	0	0	3	4
e1	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
e2	2	2	2	2	1	3	1	1	1	1	1	1	1	0	1
e3	4	4	4	4	3	4	2	2	3	4	3	3	3	2	4
e4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4
e5	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4
e6	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4	4



সারণী-৫: সীমাবদ্ধাবস্থার অনুপাতে গঠনকৃত উপযোগিতা শ্রেণী  
(Relationship between suitability rating and number and degree of limitations)

Code	Description	Percent MAT (Maximum Attainable Yield)	Number and degree of limitations	Concatcode 0-1-2-3-4	Edaphic Suitability
S1	Very Suitable	80 percent or more of MAT	All 0	11-0-0-0-0	1
			One 1, and rest 0	10-1-0-0-0	1
			Two 1, rest 0	9-2-0-0-0	1
S2	Suitable	60 to 80 percent of MAT	Three 1, rest 0	8-3-0-0-0	2
			Four 1, rest 0	7-4-0-0-0	2
			One 2, rest 0	10-0-1-0-0	2
			One 2, one 1, rest 0	9-1-1-0-0	2
			One 2, two 1, rest 0	8-2-1-0-0	2
			Two 2, rest 0	9-0-2-0-0	2
			S3	Moderately Suitable	40 to 60 percent of MAT
Six 1, rest 0	5-6-0-0-0	3			
One 2, three 1, rest 0	7-3-1-0-0	3			
One 2, four 1, rest 0	6-4-1-0-0	3			
Two 2, one 1, rest 0	8-1-2-0-0	3			
Two 2, one 2, rest 0	7-2-2-0-0	3			
Three 2, rest 0	8-0-3-0-0	3			
One 3, rest 0	10-0-0-1-0	3			
One 3, one 1, rest 0	9-1-0-1-0	3			
One 3, two 1, rest 0	8-2-0-1-0	3			
One 3, one 2, rest 0	9-0-1-1-0	3			
One 3, one 2, one 1, rest 0	8-1-1-1-0	3			
S4	Marginally Suitable	20 to 40 percent of MAT			
			Eight 1, rest 0	3-8-0-0-0	4
			Nine 1, rest 0	2-9-0-0-0	4
			One 2, five 1, rest 0	5-5-1-0-0	4
			One 2, six 1, rest 0	4-6-1-0-0	4
			Two 2, three 1, rest 0	6-3-2-0-0	4
			Two 2, four 1, rest 0	5-4-2-0-0	4
			Three 2, one 1, rest 0	7-1-3-0-0	4
			Three 2, two 1, rest 0	6-2-3-0-0	4
			Four 2, rest 0	7-0-4-0-0	4
			One 3, three 1, rest 0	7-3-0-1-0	4
			One 3, four 1, rest 0	6-4-0-1-0	4
			One 3, one 2, two 1, rest 0	7-2-1-1-0	4
			One 3, one 1, three 1, rest 0	6-3-1-1-0	4
			One 3, one 1, four 1, rest 0	5-4-1-1-0	4
			One 3, two 2, rest 0	7-1-2-1-0	4
			One 3, two 2, one 1, rest 0	8-0-2-1-0	4
			Two 3, rest 0	9-0-0-2-0	4
Two 3, one 1, rest 0	8-1-0-2-0	4			
N	Not Suitable	Less than 20 percent of MAT	All other combinations		5

Source : Land Resources Appraisal of Bangladesh, FAO/UNDP (1985)

সারণী-৬: মৃত্তিকা এবং জলবায়ু উপযোগিতা মাত্রা একীভূতকরণ পদ্ধতি  
(Relationship between Agro-climatic, Agro-edaphic and land suitability classification)

Agro-climatic suitability rating	Agro-edaphic suitability rating	Land suitability rating
VS	S1	VS
	S2	S
	S3	MS
	S4	LS
	N	NS
S	S1	S
	S2	MS
	S3	LS
	S4	LS
	N	NS
MS	S1	MS
	S2	LS
	S3	LS
	S4	NS
	N	NS
LS	S1	LS
	S2	LS
	S3	NS
	S4	NS
	N	NS
NS	S1	NS
	S2	NS
	S3	NS
	S4	NS
	NS	NS

VS=Very Suitable, S=Suitable, MS=Moderately Suitable, LS=Marginally Suitable, NS=Not Suitable

### ৩.০ ফসল উপযোগিতা ম্যাপ

বাংলাদেশের মাটির বৈশিষ্ট্য ও গুণাগুণ এবং আবহাওয়া তথ্যের ওপর ভিত্তি করে প্রস্তুতকৃত ফসল উপযোগিতা ম্যাপ-এ কৃষি জমিকে নিম্নোক্ত ৫ (পাঁচ) ভাগে শ্রেণীভুক্ত করা হয়েছে।

- ১। অধিক উপযোগী (Very suitable)
- ২। উপযোগী (Suitable)
- ৩। মাঝারি উপযোগী (Moderately suitable)
- ৪। কম উপযোগী (Marginally suitable)
- ৫। অনুপযোগী (Not suitable)

বাংলাদেশের প্রধান ফসল ধান, গম, ভুট্টা, আলু, ডালফসল (মসুর, মুগ ও মাসকলাই), তেল ফসল (সরিষা ও বাদাম), মসলা ফসল (পিয়াজ, রসুন ও মরিচ), পাট ও ইক্ষুর সম্ভাবনাময় উপযোগী অঞ্চল চিহ্নিত করে ফসল উপযোগিতা ম্যাপ (Crop Suitability Map) তৈরি করা হয়েছে।

### ৩.১ ধান

ধান বাংলাদেশের প্রধান ফসল। ধান উৎপাদন ও চাষ এলাকার বিবেচনায় এশিয়ার ১৬টি ধান উৎপাদনকারী দেশের মধ্যে বাংলাদেশ ৪র্থ স্থানে। প্রায় ১১.৩৫ মিলিয়ন হেক্টর জমিতে ৪৫.৬৯ মে.টন ধান বা সমতুল্য ৩১.৯৮ মে.টন চাল উৎপন্ন হয়। ধান উৎপাদনের মাধ্যমে সকল জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত হয় এবং ইহা কর্মসংস্থানের অন্যতম উৎস। খাদ্যশস্যের প্রায় ৯৩% ধান থেকে পাওয়া যায় এবং মোট চাষযোগ্য জমির ৭৭% ধান চাষের আওতায় রয়েছে।

বাংলাদেশের আবহাওয়া ও অধিকাংশ জমি ধান চাষের উপযোগী। তবে অন্য শস্য উৎপাদনের চেয়ে ধান চাষে অধিক পানি ব্যবহার প্রয়োজন হয়। ধান সাধারণত: গ্রীষ্মমণ্ডলীয় ও উপ-গ্রীষ্মমণ্ডলীয় আবহাওয়ার ফসল এবং ইহার জন্য ২০°-৪০° সেলসিয়াস তাপমাত্রা প্রয়োজন হয়। ধান গাছের বৃদ্ধি ও উন্নয়নের জন্য দিনের তাপমাত্রা ৩০°-৩২° এবং রাতের তাপমাত্রা ২০° সেলসিয়াস সবচেয়ে উত্তম তাপমাত্রা এবং গাছের বৃদ্ধির জন্য সূর্যালোক অত্যন্ত জরুরী। বিশেষ করে ধান পরিপক্ব হওয়ার ৩৫-৪৫ দিন পূর্বে পূর্ণ সূর্যালোকের প্রভাব রয়েছে। পরিপক্ব সময়ে উজ্জ্বল সূর্যালোক ও নিম্নমাত্রার তাপমাত্রা ধানের ফলন বৃদ্ধিতে বিশেষ ভূমিকা রয়েছে। বিভিন্ন মাটির মধ্যে এঁটেল মাটি ধান চাষের জন্য সবচেয়ে উত্তম, যার পানি ধারণ ক্ষমতা সবচেয়ে বেশি। নিম্ন মাত্রায় পানি ধারণ ক্ষমতা সম্পন্ন বেলেমাটি ধান চাষের জন্য উপযোগী নয়। বেলেমাটিতে ধান চাষে সেচের জন্য প্রচুর পানির প্রয়োজন হয় বলে উৎপাদন খরচ বহুল্যাংশে বৃদ্ধি পায়। সাধারণত: মাটির পিএইচ ৬-৭ মাত্রা ধান চাষের জন্য ভাল তবে পিএইচ ৪-৮ মাত্রা ধান চাষ করা যায়। বিভিন্ন ঋতুতে ধান চাষের পদ্ধতি ভিন্ন রকম হয়ে থাকে।

বাংলাদেশে সারা বৎসর ধান চাষ হয়ে থাকে। তিন প্রকার ধান চাষ করা হয়, যথা- আউশ (মার্চ-জুন), আমন (জুন-নভেম্বর) ও বোরো (নভেম্বর-মে)। বৃষ্টি নির্ভর রোপা আমন প্রায় বাংলাদেশের সর্বত্র চাষ হয়, তবে বোনা আমন দক্ষিণ অঞ্চলে ও উত্তর পূর্ব অঞ্চলে চাষ হয়ে থাকে। বোরো প্রাথমিকভাবে সেচ নির্ভর। বৃষ্টি নির্ভর আউশ ও আমন প্রায় ৯৩-৯৪% এলাকায় চাষ হয়।

স্থানীয় ও উচ্চ ফলনশীল আউশ যথাক্রমে ৩.৩৭ লক্ষ হেক্টর ও ০.৬৫ লক্ষ হেক্টর জমিতে চাষ হয়। স্থানীয় রোপা আমন, উচ্চ ফলনশীল ও বোনা আমন যথাক্রমে ১৪.১৪ লক্ষ হেক্টর, ৩৭.৭৬ লক্ষ হেক্টর ও ৪.৭৫ লক্ষ হেক্টর জমিতে চাষ করে ২২.৩৬ লক্ষ মে.টন, ৯৪.০৪ লক্ষ মে.টন ও ৫.৬৭ লক্ষ মে.টন চাল

উৎপাদন হয়। বাংলাদেশে আউশ ধান চাষের সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-১ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-৭ এ দেয়া হয়েছে। আমন ধান চাষের সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-২ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-৮ এ দেখানো হয়েছে।


উৎপাদনের ভিত্তিতে বোরো বাংলাদেশ অত্যন্ত গুরুত্বপূর্ণ ফসল এবং এর ফলনও সবচেয়ে বেশী। স্থানীয়, উচ্চ ফলনশীল ও হাইব্রিড ধান যথাক্রমে ১.০৮ লক্ষ হে., ৩৯.১৪ লক্ষ হে. ও ৬.৮৬ লক্ষ হেক্টর জমি হতে যথাক্রমে ২.১৪, ১৪.৬২ এবং ৩২.২২ লক্ষ মে. টন চাল উৎপাদন হয়। বোরো চাষের সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-৩ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-৯ উপস্থাপন করা হয়েছে।

### ৩.২ গম


গম বাংলাদেশের অন্যতম খাদ্যশস্য। বাংলাদেশের উত্তরাঞ্চলে গমের চাষ সর্বাধিক এবং ফলনও ভাল। ইহা একটি রবি মৌসুমের ফসল। সাধারণত: রোপা আমন কাটার পর গম চাষ করা হয়। দেরীতে গম চাষ করলে ফলন কম হয়। প্রায় সব ধরনের মাটিতে গম চাষ করা যায় তবে দোআঁশ মাটি গম চাষের জন্য সবচেয়ে উত্তম। গম চাষের জন্য ঠাণ্ডা আবহাওয়া থাকা প্রয়োজন। সাধারণত: ২৫°-৩০° সেলসিয়াস তাপমাত্রা এবং মাঝে মধ্যে বৃষ্টিপাত গম চাষের জন্য ভাল। গম চাষে মাটির পিএইচ ৬.৪ সহ শুকনো মাটি প্রয়োজন। গম নভেম্বর মাসের ২য় সপ্তাহ থেকে শুরু করে ডিসেম্বর মাসের ১ম সপ্তাহ পর্যন্ত বোনা হয়। গম লাগানো থেকে কাটা পর্যন্ত ১০০-১১০ দিন সময় প্রয়োজন হয়। ৩.৭৬ লক্ষ হেক্টর জমি হতে ৯.০১ লক্ষ মেঃ টন গম উৎপন্ন হয়। গম ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-৪ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-১০ এ দেখানো হয়েছে।

### ৩.৩ ভুট্টা


ধান ও গমের পর ভুট্টা বাংলাদেশে অন্যতম খাদ্যশস্য। ভুট্টা একটি ট্রপিক্যাল ও সাব-ট্রপিক্যাল অঞ্চলের ফসল। বাংলাদেশে রবি ও খরিপ-১ মৌসুমে ভুট্টা চাষ করা হয়ে থাকে। ইহা সাধারণত ১০°-৪৬° সেলসিয়াস তাপমাত্রায় জন্মায়, তবে ৩০°-৩৫° সেলসিয়াস তাপমাত্রা ও ৪৬০-৬০০ মিমি বৃষ্টিপাত সবচেয়ে ভাল। ইহা দোআঁশ মাটিতে ভাল জন্মায়, তবে বেলে ও বেলে এঁটেল মাটিতে ভুট্টা চাষ করা যায়। পিএইচ ৬-৭ যুক্ত মাটি ভুট্টা গাছের বৃদ্ধির জন্য সবচেয়ে ভাল। রবি মৌসুমে নভেম্বর-মধ্য ডিসেম্বর এবং খরিপ-১ মৌসুমে মধ্য ফেব্রুয়ারি-মার্চ পর্যন্ত ভুট্টা বোনার উপযুক্ত সময়। প্রায় ১.৫২ লক্ষ হেক্টর জমিতে ভুট্টা চাষ হয়, যা থেকে ৮.৮৭ লক্ষ মে. টন ভুট্টা উৎপাদন হয়। এশিয়ার অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে ভুট্টার ফলন বেশি। ভুট্টা চাষের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-৫ ও সারণী-১১ এ দেখানো হয়েছে। এখানে উল্লেখ্য যে খরিপ-১ মৌসুমে ভুট্টা চাষের আওতায় বৃদ্ধি করা গেলে রবি মৌসুমে ভুট্টা চাষ কমিয়ে সেসব জমিতে অন্য প্রয়োজনীয় ফসল চাষ করা সম্ভব হবে।




চিত্র-১ : আউশ ধানের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-২ : আমন ধানের সম্ভাব্য উপযোগী এলাকা




চিত্র-৩ : বোরো ধানের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-৪ : গম ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা





চিত্র-৫ : ভুট্টা ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা

### ৩.৪ আলু

আলু বাংলাদেশে অন্যতম প্রয়োজনীয় ফসল। পুষ্টি মানের দিক থেকে আলু ধান ও গমের সঙ্গে তুলনাযোগ্য। আলু প্রধান খাদ্যের বিকল্প হিসেবে বিবেচনা করা যেতে পারে। বিশ্বের বহু দেশে আমাদের ভাতের ন্যায় আলু প্রধান খাদ্য। সবজি হিসেবে বাংলাদেশে আলু সারা বৎসর খাওয়া হয়। আলু একটি গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের ফসল। বাংলাদেশে শীতকালে ইহার চাষ করা হয়ে থাকে। উর্বর আর্দ্রমাটি ও রৌদ্রোজ্জ্বল আবহাওয়ায় আলু চাষের জন্য উপযুক্ত। বেলে-দোআঁশ হতে দোআঁশ মাটি আলু চাষের জন্য উপযুক্ত। প্রথম পর্যায়ে আলু গাছ বৃদ্ধির জন্য মোটামুটি মৃদু ঠাণ্ডা আবহাওয়া এবং টিউবার গঠনের সময় ঠাণ্ডা আবহাওয়া প্রয়োজন। ১১°-১৫° সেলসিয়াস তাপমাত্রায় আলুর সর্বোচ্চ বৃদ্ধি ও উন্নয়ন হয়ে থাকে। ঠাণ্ডা আবহাওয়া বিরাজ না করলে আলুর বৃদ্ধি ভাল হয় না। কুয়াশাচ্ছন্ন আবহাওয়া ও আর্দ্রতা আলু চাষের জন্য খুবই ক্ষতির কারণ হতে পারে। এর ফলে আলুর মড়ক রোগের আক্রমণ দেখা দেয়। সম্পূর্ণ আলু বা চোখসহ কাটা অংশ বীজ হিসেবে নভেম্বরের প্রথম সপ্তাহে দেশের উত্তরাঞ্চলে এবং দক্ষিণাঞ্চলে মধ্য নভেম্বর হতে শেষ নভেম্বর পর্যন্ত লাগানো যায়। বর্তমানে ৪.৩৫ লক্ষ হেঃ জমিতে আলু চাষ হয়। ২০১০ সালে ৭৯.৩০ লক্ষ মেঃ টন আলু উৎপাদন হয়। আলু উৎপাদনে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ। আলু উৎপাদনে সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-৬ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-১২ সন্নিবেশিত করা হয়েছে।

### ৩.৫ ডাল

বাংলাদেশে বিভিন্ন প্রকারের ডাল ফসল চাষ ও ব্যবহার করা হয়ে থাকে। উল্লেখযোগ্য ডাল ফসল হল: মসুর, খেসারী, মুগ, ছোলা (গ্রাম), মাসকলাই, মটর, ফেলন, অড়হর। ডাল জাতীয় ফসলের আওতায় প্রায় ২.৪০ লক্ষ হেঃ জমি রয়েছে, যা থেকে প্রায় ২.২১ লক্ষ মেঃ টন ডাল উৎপন্ন হয়। দেশে ডাল ফসলের ঘাটতি রয়েছে। রবি মৌসুমে অন্যান্য ফসলের প্রতিযোগিতায় ডাল ফসলের চাষ বৃদ্ধি করা সম্ভব হচ্ছে না।

#### ৩.৫.১ মসুর

মসুর বিশেষত: নাতিশীতোষ্ণ অঞ্চলের ফসল, তবে উহা উপ-গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের ফসল হিসেবে ও পরিচিত। বাংলাদেশে যেসব অঞ্চলে রবি মৌসুমে মাটিতে যথেষ্ট রস থাকে সেসব অঞ্চলে এর চাষ করা হয়। মসুর অনেকটা খরা সহিষ্ণু তবে জলাবদ্ধতার প্রতি সংবেদনশীল। দোআঁশ ও বেলে-দোআঁশ মাটি যার পিএইচ ৬.০-৬.৫০ এ ধরণের মাটিতে মসুর চাষ ভাল হয়। বীজ বোনার সঠিক সময় অক্টোবরের শেষ সপ্তাহ হতে নভেম্বরের প্রথম সপ্তাহ। মসুরের বীজ ২০° সেলসিয়াস তাপমাত্রা ১০ দিনের মধ্যে গজায়। জাত ও বীজ বোনার সময়ের ওপর ভিত্তি করে ইহার পরিপক্বতা ৯৫-১৫০ দিনের হয়ে থাকে। বাংলাদেশে প্রায় ০.৭৭ লক্ষ হেঃ জমি থেকে ০.৭১ লক্ষ মেঃ টন মসুর উৎপন্ন হয়। ইহা একক ফসল ও সাথী ফসল হিসেবে চাষ করা হয়। মসুর চাষের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-৭ ও সারণী-১৩ এ দেখানো হয়েছে।

#### ৩.৫.২ মাসকলাই

উৎপাদন ও চাষ এলাকা অনুসারে মাসকলাই ডাল ফসলের মধ্যে চতুর্থ স্থানে রয়েছে। ইহা একটি গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের ফসল। ইহা উচ্চ তাপমাত্রায় সহনশীল। মাসকলাই মেঘাচ্ছন্ন আবহাওয়া ও কুয়াশায় অত্যন্ত সংবেদনশীল। মাসকলাই ও মুগডাল খুবই কাছাকাছি ফসল হওয়ার কারণে মাটি, আবহাওয়া ও অন্যান্য অবস্থা একই রকমের। মাসকলাই গাছের বৃদ্ধির জন্য অনুকূল তাপমাত্রা ২৭-৩০° সেলসিয়াস। মধ্যম টুঁ ও ভাল নিষ্কাশনের সুবিধায়ুক্ত দোআঁশ ও এঁটেল দোআঁশ মাটি মাসকলাই চাষের জন্য উপযুক্ত। ফসল উত্তোলনের সময় শুকনো আবহাওয়া প্রয়োজন। মাটির পিএইচ ৫.৫-৭.৫ হওয়া বাঞ্ছনীয়। মাসকলাই লবণাক্ত ও ক্ষারীয় অবস্থার প্রতি সংবেদনশীল।

ইহা বাংলাদেশের উত্তর ও উত্তর পশ্চিম এলাকায় ব্যাপক ভাবে চাষ হয়, বিশেষ করে রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলাসমূহে। ইহা গরম আবহাওয়ার ফসল এবং ৬০-১০০ সেমি বৃষ্টিপাত এলাকায় ভাল ফলন হয়। জলাবদ্ধতায় মুগের চেয়ে মাসকলাই সহনশীল। খরিপ-১ মৌসুমে ফেব্রুয়ারির শেষ হতে মধ্য মার্চ এবং খরিপ-২ মৌসুমে আগস্টের ১৫-৩১ পর্যন্ত মাসকলাই চাষ করা হয়। মাসকলাই চাষের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-৮ ও সারণী-১৪ এ সন্নিবেশিত করা হয়েছে।


### ৩.৫.৩ মুগ

ডাল জাতীয় ফসলের মধ্যে মুগ অত্যন্ত সুস্বাদু। ইহা গ্রীষ্মমণ্ডলীয় ও উপ-গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের ফসল। মধ্যম উঁচু ও নিষ্কাশনের সুবিধা সহ দোআঁশ মাটিতে মুগ চাষ ভাল হয়। মুগ জলাবদ্ধতা সংবেদনশীল। ঋতু ভেদে ইহা ২০-৩৫° সেলসিয়াস তাপমাত্রায় চাষের জন্য অনুকূল। ইহার জন্য মাটির পিএইচ ৬.২-৭.২ বাঞ্ছনীয়। ডাল মুগ ফসলের জন্য দিনে ৬-৮ ঘন্টা সূর্যালোক এর প্রয়োজন হয়। খরিপ-১ মৌসুমে ফেব্রুয়ারির শেষ সপ্তাহ হতে মধ্য মার্চ এবং খরিপ-২ মৌসুমে আগস্টের ১ম সপ্তাহ হতে সেপ্টেম্বরের শেষ সপ্তাহ পর্যন্ত মুগ বোনা যায়। ৭০-৯০ দিনের মধ্যে ইহা পরিপক্ব হয়ে থাকে। মুগ ডাল সংগ্রহের পর গাছগুলি সবুজ সার হিসেবে ব্যবহার করা যায়। ইক্ষুর দ্বিতীয় সাথী ফসল হিসেবে মুগ সফলভাবে চাষ করা যায়। ডাল সংগ্রহের পর সবুজ সার হিসেবে মাটিতে মিশিয়ে দেয়ার মাধ্যমে মাটিতে জৈব পদার্থের মাত্রা বৃদ্ধি করা হয়। ফলে আখের ফলন ভাল হয়। বর্তমানে ০.২৩ লক্ষ হেক্টর জমি হতে প্রায় ০.২০ লক্ষ মেঃ টন মুগ উৎপন্ন হয়। সম্প্রতি দক্ষিণাঞ্চলে মুগডালের চাষ বেশ বৃদ্ধি পেয়েছে। বেকারী শিল্পে মুগডালের ব্যবহার রয়েছে। মুগডালের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-৮ ও সারণী-১৫ এ দেখানো হয়েছে।


### ৩.৫.৪ ছোলা

ছোলা একটি নাতিশীতোষ্ণ অঞ্চলের ফসল যা উপ-গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে খাপ-খাওয়ানো হয়েছে। ইহা অতিরিক্ত জলাবদ্ধতা, উচ্চ আর্দ্রতা ও মেঘাচ্ছন্ন আবহাওয়ার প্রতি সংবেদনশীল যা ফুল ও ফল গঠনকে প্রভাবিত করে। ছোলা শীত মৌসুমের ফসল যা দু'ধরনের তাপমাত্রা যথা রাতের তাপমাত্রা ১৭.৮°-২১° সেলসিয়াস এবং দিনের তাপমাত্রা ২১°-২৬.৭° সেলসিয়াস উৎপাদনের জন্য উপযোগী। ইহা অতিবৃষ্টিতে নষ্ট হয়ে যায় ফলে আর্দ্র আবহাওয়া অঞ্চলের অনুপযোগী। ডাল জাতীয় ফসলের মধ্যে ছোলা তৃতীয় স্থানে রয়েছে। ইহা একক ফসল বা সাথী ফসল হিসেবে চাষ করা যায়। ছোলা চাষের জন্য দোআঁশ হতে এঁটেল-দোআঁশ মাটি উপযোগী। ছোলার শিকড় মাটির গভীরে যাওয়ার কারণে শুকনো অঞ্চলে ভাল ফলন দিয়ে থাকে। অল্প সময়ের জলাবদ্ধতা অবস্থায় গাছের বৃদ্ধি ব্যহত হয় এবং শিকড় ও কাণ্ডের পচা রোগ হয়। এ কারণে ছোলা চাষের জন্য ভাল নিষ্কাশন সুবিধায়ুক্ত জমি প্রয়োজন হয়।


মাটির পিএইচ ৬.০-৯.০ অবস্থায় ছোলা চাষ করা যায়। ছোলা উর্বর, বেলে দোআঁশ, ভাল পানি নিষ্কাশনের সুবিধায়ুক্ত জমিতে ভাল হয়। নভেম্বরের শেষ সপ্তাহ হতে ডিসেম্বরের ১ম সপ্তাহ ছোলা চাষের উপযুক্ত সময়। বরেন্দ্র এলাকার জন্য অক্টোবরের শেষ সপ্তাহ হতে নভেম্বরের ১ম সপ্তাহ পর্যন্ত ছোলা লাগানোর উপযুক্ত সময়। ছোলা বোনার ১১০-১২০ দিনের মধ্যে কর্তন করা যায়। ০.০৭২ লক্ষ হেক্টর জমিতে ছোলা চাষ হয়। মোট উৎপাদন ০.০৫৭ লক্ষ মেঃ টন। ছোলা চাষের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-৯ ও সারণী-১৬ এ দেখানো হয়েছে।




চিত্র-৬ : আলু ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-৭ : মসুর ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-৮ : মুগ/মাসকলাই ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-৯ : ছোলা ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা

### ৩.৬ তৈলবীজ ফসল

বাংলাদেশে কৃষি উৎপাদনে তৈলবীজ অত্যন্ত প্রয়োজনীয় ফসল। তৈলবীজ ফসলের মধ্যে সরিষা, তিল, বাদাম, সূর্যমুখী ও সয়াবিন সবচেয়ে বেশী চাষ হয়। তৈলবীজ ফসলের আওতায় ৬.৮৮ লক্ষ হেক্টর জমিতে ৭.৯০ লক্ষ মেঃ টন তৈলবীজ উৎপন্ন হয়। বাংলাদেশে তৈলবীজ উৎপাদনে বিরাট ঘাটতি রয়েছে। জমির স্বল্পতার কারণে তৈলবীজ চাষ এলাকা বৃদ্ধি করা সম্ভব হচ্ছে না। ফলে ভোজ্য তেলের চাহিদা আমদানির মাধ্যমে পূরণ করতে হয়।

#### ৩.৬.১ সরিষা

সরিষা বাংলাদেশে অন্যতম প্রধান ভোজ্য তেল ফসল। ২.৪২ লক্ষ হেক্টর জমিতে সরিষা চাষ হয়ে থাকে, যা থেকে ২.২২ লক্ষ মেঃ টন সরিষা উৎপন্ন হয়। বিভিন্ন সরিষা জাত হতে ৪০-৪৪% তেল পাওয়া যায় এবং সরিষার খৈলে প্রায় ৪০% প্রোটিন থাকে। সরিষা রবি মৌসুমের ফসল। ঠাণ্ডা ও আর্দ্র আবহাওয়া সরিষা চাষের জন্য উপযোগী। সরিষার বৃদ্ধি ১০-২০° সেলসিয়াস তাপমাত্রায় ভাল হয়। উচ্চ তাপমাত্রায় (২৪° সেলসিয়াস উপরে) সরিষা বীজ তেলের পরিমাণ কমে যায়। সরিষা লাগানোর সঠিক সময় অক্টোবরের মাঝামাঝি হতে নভেম্বরের মাঝামাঝি পর্যন্ত। বীজ গজানোর সময় ঠাণ্ডা তাপমাত্রা দীর্ঘস্থায়ী হলে বীজ গজানো বাধাগ্রস্ত হয়। সরিষার জন্য উচ্চ জৈবসার যুক্ত এঁটেল-দোআঁশ মাটি উপযোগী তবে বেলে-দোআঁশ মাটিতে এর চাষ করা যায়। মাটির পিএইচ ৫.৫-৬.৮ হলে ভাল হয়। সরিষার জমি ভালভাবে কর্ষণ করতে হয়। সরিষা চাষের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-১০ ও সারণী-১৫ এ দেখানো হয়েছে।

#### ৩.৬.২ চীনাবাদাম

চীনাবাদাম একটি তেল ও খাদ্য ফসল। খাদ্য মান ছাড়া ইহা একটি প্রধান তৈলবীজ এবং গো-খাদ্য হিসেবেও ব্যবহৃত হয়। চীনাবাদাম বীজে তেলের পরিমাণ ৪৮-৫০%, আমিষের পরিমাণ ২২-২৯% এবং উন্নত মানের ভোজ্য তেল। জলাবায়ুর উপাদানের মধ্যে তাপমাত্রা এবং বৃষ্টিপাত উল্লেখযোগ্য হারে চীনাবাদাম উৎপাদনকে প্রভাবিত করে। ঠাণ্ডা এবং ভেজা অবস্থার তুলনায় উষ্ণ ও আর্দ্র আবহাওয়া চীনাবাদাম চাষের বেশি উপযোগী। তাপমাত্রা এ ফসল বৃদ্ধির হার নিয়ন্ত্রণে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ৩৫° সেলসিয়াস এর বেশি তাপমাত্রায় চীনাবাদামের বৃদ্ধি ব্যাহত হয়। গাছের বৃদ্ধির জন্য দৈনিক পরিমিত তাপমাত্রা ৩০° সেলসিয়াস, অপরদিকে ১৫° সেলসিয়াস তাপমাত্রায় গাছের বৃদ্ধি বন্ধ হয়ে যায়। দ্রুত চারা গজানোর জন্য মাটির তাপমাত্রা ২১° সেলসিয়াস এর বেশি হওয়া বাঞ্ছনীয়। সবচেয়ে দ্রুত বীজ গজানো ও চারার বৃদ্ধির জন্য পরিমিত তাপমাত্রা ৩০° সেলসিয়াস। সর্বোচ্চ ফলন ও গুণমান সম্পন্ন উন্নত চীনাবাদাম উৎপাদনের জন্য গাছের ফুল আসা, পেগিং এবং বীজ তৈরির পর্যায়ে পর্যাপ্ত এবং সমপরিমাণ বৃষ্টিপাত হওয়া প্রয়োজন। যেসব এলাকায় ৬০-১৫০ সেমি বৃষ্টিপাত হয় সেখানে চীনাবাদাম ভাল হয়। এ ফসল অতি খরা ও জলাবদ্ধতা সহ্য করতে পারে না। চীনাবাদাম অল্প মাটিতে (পিএইচ ৫.১-৬.৫) ভাল জন্মায়। চর এলাকায় বেলে-দোআঁশ এবং দোআঁশ মাটিতে চীনাবাদাম ভাল হয়। মাটি পর্যাপ্ত নরম হওয়া প্রয়োজন যাতে মাটিতে সহজেই বাদাম প্রবেশ করতে পারে। রবি মৌসুমে ভাল ফলন হয়। রবি মৌসুমে মধ্য অক্টোবর থেকে মধ্য নভেম্বর এবং খরিপ-২ মৌসুমে জুলাই থেকে আগস্ট পর্যন্ত বীজ বপনের উপযুক্ত সময়। চীনাবাদাম চাষের এলাকা ০.০৩৪ লক্ষ হেক্টর এবং মোট ফলন ০.০৫৩ লক্ষ টন। এ ফসল জৈবিক পদ্ধতিতে বাতাসের



নাইট্রোজেনকে মাটিতে সরবরাহ করে মাটির উর্বরতা বৃদ্ধি করে যা পরবর্তী ফসলের ফলন বৃদ্ধিতে সাহায্য করে। কিছু কিছু জাত খরিপ-১ এবং খরিপ-২ উভয় মৌসুমেই চাষ করা হয়। ঋতু ও জাতভেদে বীজ বপনের ১২০-১৫০ দিন পর ফসল সংগ্রহ করা হয়। চীনাবাদাম চাষের সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-১১ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-১৬ এ দেয়া হয়েছে।

### ৩.৭ মসলা ফসল

বাংলাদেশের প্রধান প্রধান মসলা ফসল হলো, পেঁয়াজ, রসুন, ধনিয়া, মরিচ, হলুদ ও আদা। এ দেশে মসলা ফসলের এলাকা ২.৭৫ লক্ষ হেক্টর এবং মোট ফলন ২২.৯৩ লক্ষ টন। মসলা ফসলে পুষ্টিমান ও ঔষধি গুণাবলি রয়েছে।

#### ৩.৭.১ পেঁয়াজ

পেঁয়াজের উৎপত্তি স্থল পশ্চিম এশিয়া। আমেরিকা, মিশর এবং স্পেন হলো প্রধান পেঁয়াজ উৎপাদনকারী দেশ। বাংলাদেশে পেঁয়াজ মূলতঃ মসলা হিসেবে ব্যবহৃত হয়। উৎপাদনের বিবেচনায় মসলা ফসলের মধ্যে পেঁয়াজ দ্বিতীয় অবস্থানে রয়েছে। প্রতি বছর এদেশে পেঁয়াজের চাহিদা প্রায় ১৫.৭৫ লক্ষ মেঃ টন, কিন্তু ১.২২ লক্ষ হেক্টর জমি হতে মোট ৮.৪ লক্ষ মেঃ টন পেঁয়াজ উৎপন্ন হয়। পুষ্টিমান ছাড়া পেঁয়াজে ঔষধি গুণাগুণও রয়েছে। ঠাণ্ডা আবহাওয়া পেঁয়াজ চাষের উপযোগী। পেঁয়াজ ১৫-২৫° সেলসিয়াস তাপমাত্রায় ভাল জন্মায়। পানি নিষ্কাশন সুবিধাযুক্ত হালকা মাটি এবং উচ্চমাত্রার জৈব পদার্থ সমৃদ্ধ মাটি পেঁয়াজ চাষের জন্য ভাল। দোআঁশ এবং বেলে-দোআঁশ মাটি পেঁয়াজ চাষের উপযোগী। পেঁয়াজ অতি অম্ল মাটিতে ভাল হয় না। মাটির অম্লতার মাত্রা ৬.২-৬.৮ হলে পেঁয়াজ চাষের জন্য ভাল। সেচ দেওয়ার পর জমিকে ভালভাবে মালচিং করা প্রয়োজন যাতে পেঁয়াজের কন্দ ভালভাবে বৃদ্ধি পায়। যেহেতু পেঁয়াজ জলাবদ্ধতা সহ্য করতে পারে না সেহেতু খরিপ মৌসুমে জমিতে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নত করতে হবে। পেঁয়াজ মূলতঃ ডিসেম্বর মাসে রবি শস্য হিসেবে বপন করা হয়। কিন্তু কিছু জাত খরিপ-১ ও খরিপ-২ উভয় মৌসুমেই চাষ করা যায়। চারা অবস্থা থেকে পরিপক্ব হতে ৫০-৭০ দিন সময় প্রয়োজন। কিন্তু কন্দ অবস্থা হতে পরিপক্ব হতে ১২০ দিন সময় প্রয়োজন। পেঁয়াজের সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-১২ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-১৭ এ দেখানো হয়েছে।


#### ৩.৭.২ রসুন

রসুন বাংলাদেশের একটি উল্লেখযোগ্য অর্থকরী ফসল। রসুনের অনেক ঔষধি গুণাবলি রয়েছে। রসুনে নন-প্রোটিন অ্যামাইনো এসিড থাকে যা মানুষের দেহের কোলেস্টরল কমায়। এছাড়া রসুনের রস কীটনাশক, বায়ো-ছত্রাক নাশক, এ্যাডহেসিভ এবং ব্যাকটেরিয়া প্রতিরোধী হিসেবে কাজ করে। পেটের ব্যাথা, আমাশয়, টাইফয়েড, কলেরা এবং ফুসফুসের রোগ নিরাময়ে রসুন ব্যবহার হয়। জ্যাম, জেলি, আচার ইত্যাদি তৈরিতেও রসুন ব্যবহৃত হয়। ইহা শীতকালে চাষ করা হয়। রসুনের চাহিদা বছরে ২.১৯ লক্ষ মেঃ টন কিন্তু বছরে উৎপাদন মাত্র ১.০২ লক্ষ মেঃ টন। রসুন চাষের জন্য ১৫-২৫° সেলসিয়াস তাপমাত্রা এবং ঠাণ্ডা ও কুয়াশামুক্ত আবহাওয়া উপযোগী। রসুনের সঠিক বৃদ্ধি ও কন্দের পরিপক্বতার জন্য শুষ্ক আবহাওয়া প্রয়োজন। মধ্য অক্টোবর হতে নভেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত রসুন বপনের উপযুক্ত সময়। অতিরিক্ত বৃষ্টিপাত ও আর্দ্রতা রসুনের জন্য ক্ষতিকর। জৈব পদার্থ সমৃদ্ধ উর্বর মাটি, সেচ ব্যবস্থা এবং পানি নিষ্কাশন ব্যবস্থা রসুন চাষের উপযোগী। মাটির অম্লতার মাত্রা ৬-৭ হলে রসুন ভাল জন্মে। বেলে, উচ্চ ক্ষারীয় এবং লবণাক্ত মাটি রসুন


চাষের উপযোগী নয়। আগাছামুক্ত, হালকা বুনট ও সমতল ভূমি রসুন চাষের জন্য প্রয়োজন। পাতা যখন হলুদ হতে বাদামী রং ধারণ করে তখনই ফসল উত্তোলন করা প্রয়োজন। পেঁয়াজ এবং রসুন চাষের জন্য প্রায় একই রকমের পরিবেশ প্রয়োজন। অর্থাৎ এদের মাটি, পানি এবং জলবায়ুগত চাহিদা প্রায় একই। সেজন্য এ ফসল দুটোকে একটি হিসেবে বিবেচনা করা হয়। রসুন চাষের সম্ভাব্য উপযোগী এলাকা চিত্র-১২ এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ সারণী-১৮ এ দেখানো হয়েছে।

### ৩.৭.৩ মরিচ


মরিচ বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। এ দেশে প্রধান মসলা ফসল হিসেবে মরিচ পরিচিতি লাভ করেছে। ক্যাপ্সিসিন নামক রাসায়নিক উপাদানের উপস্থিতির জন্য মরিচ বাঁঝালো হয়। কাঁচা এবং পাকা উভয় অবস্থাতেই মরিচের চাহিদা রয়েছে। কাঁচা মরিচ ভিটামিন সি সমৃদ্ধ। মরিচের ঔষধি গুণাবলিও রয়েছে। বাংলাদেশে মরিচের এলাকা হলো ১.৪২ লক্ষ হেক্টর এবং মোট ফলন ১.৫৪ লক্ষ মেঃ টন। উৎপাদন খুব সন্তোষজনক না হলেও হতাশাব্যঞ্জক নয়। গাছের বৃদ্ধির জন্য উষ্ণ এবং আর্দ্র আবহাওয়া উপযোগী। হালকা বুনটের মাটি যেখানে পানি জমে না সেখানে মরিচ ভাল জন্মায়। জৈব পদার্থ সমৃদ্ধ দোআঁশ মাটি মরিচ চাষের জন্য উপযোগী। মাটির অম্লতার মাত্রা ৫.৫-৬.৮ হওয়া প্রয়োজন। পর্যাপ্ত পানি এবং নিষ্কাশন ব্যবস্থা থাকা জরুরী। ছায়ামুক্ত এবং ভাল নিষ্কাশন ব্যবস্থা সমৃদ্ধ মাটি মরিচ চাষের উপযোগী। বেলে দোআঁশ থেকে এঁটেল দোআঁশ মাটিতে মরিচ ভাল জন্মায়। কিন্তু জৈব পদার্থ সমৃদ্ধ মাটি মরিচ চাষের জন্য উত্তম। রবি এবং খরিপ উভয় মৌসুমেই মরিচ চাষ হয়। কিন্তু ক্যাপ্সিকাম (মিষ্টি মরিচ) শুধু রবি মৌসুমে চাষ হয়। রবি মৌসুমে মরিচ বপন বা চারা লাগানো হয়। অক্টোবর-নভেম্বর মাস এবং খরিপ-১ মৌসুমে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ হতে মার্চ মাস পর্যন্ত। এক ফসল মৌসুমে ৬-৮ বার ফল সংগ্রহ করা যায়। কাঁচা মরিচ হিসেবে সারা বছর চাষ করা হয় কিন্তু রবি ও খরিপ দুইটি নির্দিষ্ট মৌসুমে মসলা হিসেবে মরিচ চাষ করা হয়। মরিচ জলাবদ্ধতা সহ্য করতে পারে না বিধায় উপযোগী জমির পরিমাণ কমে যায়। মরিচ চাষের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-১৩ ও সারণী-১৯ এ দেয়া হয়েছে।




চিত্র-১০ : সরিষা ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-১১ : চীনাবাদাম ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-১২ : পেঁয়াজ/রসুন ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা



চিত্র-১৩ : মরিচ ফসলের সম্ভাব্য উপযোগী এলাকা

### ৩.৮ আখ

আখ বাংলাদেশে একটি অন্যতম অর্থকরী-কাম-শিল্পজাত ফসল। আখের রস হতে চিনি ও গুড় উৎপাদন হয়। এ দেশে যে পরিমাণ চিনি ও গুড় উৎপাদন হয় তা চাহিদার তুলনায় কম। এ দেশে প্রতিবছর ১.৬০-১.৮০ লক্ষ হেক্টর জমি হতে ৭০-৭৫ লক্ষ টন আখ উৎপাদন হয় এবং তা হতে ১.৫০-২.০০ লক্ষ টন চিনি এবং ৩.৫০-৪.০০ লক্ষ টন গুড় উৎপাদন করা হয়। বিশ্ব খাদ্য সংস্থা (FAO) এর সুপারিশ অনুসারে জনপ্রতি প্রতিবছর ন্যূনতম ১০ কেজি চিনি এবং ৩ কেজি গুড় খাওয়া প্রয়োজন। সে হিসেব মতে বর্তমানে দেশে চিনির চাহিদা ১৩-১৪ লক্ষ টন এবং গুড়ের চাহিদা ৪.০২ লক্ষ টন।

উঁচু ও মাঝারী উঁচু জমি যেখানে অতিরিক্ত পানি জমে না সেসব জমি আখ চাষের উপযোগী। দো-আঁশ, বেলে-দোআঁশ এবং এঁটেল দোআঁশ মাটিতে আখ ভাল জন্মায়। তবে বেলে মাটি আখ চাষের জন্য উপযুক্ত নয়। আখের বৃদ্ধি ও ভাল ফলনের জন্য উত্তম তাপমাত্রা ৩০-৩৪° সেলসিয়াস এবং বৃষ্টিপাত ১১০০-১৫০০ মিমি প্রয়োজন। আখের জন্য পর্যাপ্ত সূর্যের আলোর উপস্থিতি ও আর্দ্র মাটির প্রয়োজন। আখ একটি দীর্ঘ মেয়াদী ফসল, রোপণ থেকে কর্তন পর্যন্ত ১২-১৪ মাস সময় লাগে। রোপণের উপযুক্ত সময় নভেম্বর মাস। হেক্টর প্রতি গড় ফলন ৪৬.০০ টন, তবে সঠিক পরিচর্যার মাধ্যমে ১০০.০০ টন পর্যন্ত ফলন পাওয়া সম্ভব। আগাম রোপণের ক্ষেত্রে সাথী ফসল হিসেবে আখের জমিতে ২টি আন্তঃফসল করা যায়। আখের জমিতে আলু এবং মুগ যথাক্রমে প্রথম ও দ্বিতীয় আন্তঃফসল হিসেবে সফলভাবে চাষ করা যায়।


আখ চাষের সম্ভাব্য উপযোগী এলাকা এবং উপযোগী শ্রেণী অনুসারে উপজেলা ওয়ারী জমির পরিমাণ যথাক্রমে চিত্র-১৪ ও সারণী-২০ এ দেয়া হয়েছে। যদিও ব্যাপক এলাকা উপযোগী ও মধ্যম শ্রেণীর উপযোগী হিসেবে দেখানো হয়েছে (চিত্র-১৪), বাস্তবে মাত্র ১১,৮০০ হেক্টর জমি হতে ৪৪,৯১,০০০ টন আখ উৎপাদন হয়। আখের চাষ এবং উৎপাদন কম হওয়ার মূল কারণ ধান ভিত্তিক ফসল ধারার আধিক্যতা এবং আখ চাষের আওতাভুক্ত জমির স্বল্পতা।

### ৩.৯ পাট

পাট বাংলাদেশের একটি অন্যতম প্রধান অর্থকরী ফসল এবং পাট উৎপাদনকারী দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। মোট রপ্তানি আয়ের ৬% আসে পাট হতে। পাট ফসল পরিবেশ বান্ধব এবং বায়োডিগ্রেডেবল প্রাকৃতিক আঁশ দেয়। বর্তমানে পাট চাষের এলাকা অনেক কমে গেছে। ১৯৭১-৭২ সালে এদেশে ৬,৭৮,০০০ হেক্টর জমিতে পাট চাষ করা হতো, কিন্তু বর্তমান ৪,১৬,৪৩১ হেক্টর জমিতে পাট চাষ করা হয় (বিবিএস, ২০১০)। বর্তমানে মোট পাট উৎপাদন ৫,০৯০ হাজার বেল বা ৯,২১,২৯০ টন (১ বেল = ১৮১ কেজি)।


